# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৩০

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ আদম সন্তানের মেরুদন্ডের নিম্নাংশের যেই টেলবোন ব্যতীত পুরো শরীর সত্তা ধ্বংস হয়ে যাবে, সেই অংশটুকুর পরিমাণ সম্পর্কে বর্ণনা

ذِكْرُ وَصْفِ قَدْرِ عَجْبِ الذَّنَبِ الَّذِي لَا تَأْكُلُهُ الْأَرْضُ مِنِ ابْنِ آدَمَ

---

আরবী

3130 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ أَنَّ دَرَّاجًا أَبَا السَّمْحِ حَدَّثَهُ عَنْ أَبِي الْهَيْثَمِ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (يَأْكُلُ التُّرَابُ كُلَّ شَيْءٍ مِنَ الْإِنْسَانِ إِلَّا عَجْبَ ذَنْبِهِ) قِيلَ: وَمَا هُوَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: (مثل حبة خردل منه ينشأ)
الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3130 | خلاصة حكم المحدث: ضعيف - ((التعليق الرغيب)) (4/ 192) , وصح دون قوله: ((مثل حبة خردل)) - انظر ما قبله.

বাংলা

৩১৩০. আবূ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “আদম সন্তানের মেরুদন্ডের নিম্নাংশের টেলবোন ব্যতিত পুরো শরীর সত্তা মাটি খেয়ে ফেলবে।” তাঁকে বলা হলো, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেটা কী?” জবাবে তিনি বলেন, “সরিষার দানা বরাবর। এখান থেকেই নতুনভাবে সৃষ্টি করবেন।”[1]

ফুটনোট

[1] হাকিম: ৪/৬০৯; মুসনাদ আহমাদ: ৩/৩৮; আবূ ইয়ালা: ১৩৮২; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ১০/৩৩২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটির ব্যাপারে স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির

উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ৪/১৯২)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92460

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন